

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩২৮

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৩৮. খেজুর

بَابِ التَّمْرِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكِ، حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْدِ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَلِيّ بْنِ أَبِي رَافِعٍ، عَنْ جَدَّتِهِ، سَلْمَى أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " بَيْتُ لاَ تَمْرَ فِيهِ كَالْبَيْتِ لاَ طَعَامَ فِيهِ " .

#### বাংলা

২/৩৩২৮। উবাইদুল্লাহ ইবনে আবূ রাফে (রহ.) থেকে তাঁর দাদী সালমা (রাঃ) এর সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ঘরে খেজুর নেই সে ঘর খাদ্যশূন্য ঘরের ন্যায়।

## **English**

It was narrated from 'Ubaidullah bin Abu Rafi', from his grandmother Salma, that the Prophet (ﷺ) said:

"A house in which there are no dates is like a house in which there is no food."

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. হিশাম বিন সা'দ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার মুখস্তশক্তি দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তার হাদিস গ্রহন করা যায় কিন্তু দলীলযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। তার শীয়া মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৭৭, ৩০/২০৪ নং পৃষ্ঠা) ২. উবায়দুল্লাহ বিন আবু রাফি' সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তার মাঝে কোন সমস্যা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি



যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৬৬৬, ১৯/১২০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উবায়দুল্লাহ ইবনে আবু রাফে (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন